দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার ঢাকা-১২১১

...র-৭১ তারিখ ঃ ২২/০৩/২০০১

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানান যাচ্ছে যে, ২০০১-২০০২ শিক্ষা বর্ষে অধ্যয়নরত দাখিল (২০০৩ সালের পরীক্ষার্থী) সকল বিভাগ ও গ্রুপের শিক্ষার্থীদের R.I.F নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে গ্রহণ ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

## নিয়মাবলী

১। বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফটের মাধ্যমে R.I.F (রেজিষ্ট্রেশন) ফি ০১/০৪/২০০১ তারিখ হতে ১৯/৪/২০০১ তারিখ পর্যন্ত জমা নেওয়া হবে।
২। বিলম্ব ফিসহ ২২/০৪/২০০১ তারিখ হতে ৩০/০৪/২০০১ পর্যন্ত জমা নেওয়া হবে।
৩। ০২/০৫/২০০১ হতে ২০/০৫/২০০১ তারিখের মধ্যে পূরণকৃত R.I.F রেজিষ্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-১২১১ এই ঠিকানায় বীমাকৃত ডাকযোগে পৌঁছাতে হবে।
৪। প্রত্যেক স্তর ও গ্রুপের জন্য পৃথক পৃথক নমুনা ছক অনুযায়ী শিক্ষার্থীদের ৩ কপি তালিকা প্রস্তুত করে ব্যাংক ড্রাফটসহ ১ কপি তালিকা বোর্ডে জমা দিয়ে R.I.F গ্রহণ করতে হবে।
৫। পূরণকৃত R.I.F-এর সাথে ১ কপি তালিকা সংযুক্ত করতে হবে।
৬। পূরণকৃত সকল R.I.F একসাথে একেবারেই পাঠাতে হবে। কোনক্রমেই আংশিক পাঠান যাবে না।

### তালিকা প্রস্তুতের "নমুনা ছক"

৭। ৯ ইঞ্চি X ১৪ ইঞ্চি ফুল স্কেপ কাগজে আড়াআড়িভাবে তালিকা প্রস্তুত করতে হবে। তালিকার প্রত্যেক পৃষ্ঠায় মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।

মাদরাসার কোড নম্বর.................. গ্রুপ/ বিভাগের নাম ..........................

মাদরাসার নাম ..........................

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর (ভর্তি রেজিষ্টার/ বোর্ডে প্রেরিত তালিকার ক্রমানুযায়ী | ছাত্র-ছাত্রীর নাম ও পিতার নাম | জন্ম তারিখ | ৪র্থ/ নৈর্বাচনিক বিষয় কোড নম্বর | রেজিষ্ট্রেশন ফি | শিক্ষা বিরতি ফি | মন্তব্য |
| | | | | | | |

### রেজিষ্ট্রেশন ফি-এর হার

| ক্রমিক নম্বর | বিষয় | ফি-এর হার |
|---|---|---|
| ১ | রেজিষ্ট্রেশন ফি | ২৫.০০ |
| ২ | ক্রীড়া ফি | ১৫.০০ |
| ৩ | স্কাউট ফি/ রোভার ফি | ১০.০০ |
| ৪ | মোট= | ৫০.০০ |
| ৫ | বিলম্ব রেজিষ্ট্রেশন ফি | ৫০.০০ |
| ৬ | বিলম্ব ফিসহ মোট= | ১০০.০০ |

৮. সোনালী ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের ড্রাফ্ট গ্রহণ করা হবে না। ড্রাফ্ট-এর অপর পিঠে মাদরাসা প্রধানের সীল ও স্বাক্ষর থাকতে হবে। অবশ্যই প্রতিষ্ঠানের নিজস্ব এলাকায় অবস্থিত সোনালী ব্যাংকের শাখা হতে ডি.ডি. গ্রহণ করতে হবে।
৯. ডাকযোগে প্রেরিত ড্রাফ্ট ও তালিকা গ্রহণ করা হবে না।
১০. একাধিক গ্রুপ/বিভাগের জন্য ১টি ড্রাফ্ট করা যাবে। কিন্তু শিক্ষার্থীদের তালিকা গ্রুপ/বিভাগওয়ারী ভিন্ন ভিন্ন হতে হবে। ব্যাংক ড্রাফ্ট যে তারিখেই করা হোক না কেন নির্ধারিত তারিখের মধ্যেই তা বোর্ডে জমা দিয়ে রশিদ ও R.I.F গ্রহণ করতে হবে। নির্দিষ্ট তারিখের পর কোনক্রমেই ব্যাংক ড্রাফ্ট গ্রহণ করা হবে না।
১১. নতুন অনুমতিপ্রাপ্ত মাদরাসার ক্ষেত্রে বোর্ডের অনুমতিপত্রের ফটোকপি তালিকার সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় R.I.F বিতরণ সম্ভব হবে না।
১২. R.I.F গ্রহণের জন্য আবেদনে উল্লেখিত শিক্ষার্থীদের প্রত্যেকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি (টুপি/ওড়না পরিহিত) মাদরাসা প্রধানের নিকট সংরক্ষণ করতে হবে। পরবর্তী সময়ে ঐ ছবি রেজিষ্ট্রেশন কার্ডে সংযোজন করতে হবে।
১৩. মাদরাসার আবেদনপত্রে ও শিক্ষার্থীদের তালিকায় এবং বোর্ডের সঙ্গে সব ধরনের যোগাযোগের ক্ষেত্রে নিম্নরূপ সীল ব্যবহার করতে হবে।

> সুপার/ অধ্যক্ষের স্বাক্ষর ও তারিখ
> মাদরাসার কোড নম্বর............. জেলা কোড নম্বর................
> ..................................................................মাদরাসা
> ডাকঘর......................উপজেলা ..................
> জেলা ..........................................

১৪. নিম্নবর্ণিত তারিখ ও ছক অনুযায়ী R.I.F বিতরণ করা হবে।

| জেলাসমূহের নাম | বিলম্ব ফি ছাড়া বিতরণের তারিখ | বিলম্ব ফিসহ বিতরণের তারিখ |
|---|---|---|
| চট্টগ্রাম, কক্সবাজার, পার্বত্য জেলাসমূহ (৩টি), সিলেট, চাঁদপুর, বগুড়া, সিরাজগঞ্জ, পাবনা, নাটোর নওগাঁ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, ঝালকাঠি ও বরগুনা= মোট ২০টি জেলা | ০১/০৪/২০০১ তারিখ হতে ০৩/০৪/২০০১ তারিখ পর্যন্ত | সকল জেলা ২৯/০৪/২০০১ তারিখ হতে ৩০/০৪/২০০১ তারিখ পর্যন্ত |
| রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, পঞ্চগড়, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোণা, শেরপুর, টাংগাইল, জামালপুর, যশোর, মাগুরা, নড়াইল, মেহেরপুর ও পিরোজপুর=২১টি জেলা | ০৪/০৪/২০০১ তারিখ হতে ০৯/০৪/২০০১ তারিখ পর্যন্ত | |
| ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ, কুমিল্লা, বি.বাড়িয়া, সুনামগঞ্জ, রংপুর, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, বরিশাল, পটুয়াখালী ভোলা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ফরিদপুর ও শরীয়তপুর =২৩টি | ১০/০৪/২০০১ তারিখ হতে ১২/০৪/২০০১ তারিখ পর্যন্ত | |

১৫. পিতার নামের পূর্বে বা শেষে মৃত, হাজী, আলহাজ্ব, মেজর, কর্ণেল, জজ, ব্যারিষ্টার, এডভোকেট, উকিল, ডঃ, ডাক্তার, মাষ্টার, শিক্ষক, প্রফেসর, অধ্যাপক, অধ্যক্ষ, সুপার, মাওলানা, মৌলভী, হাফেয, ক্বারী, জনাব, সাহেব, মিস, মিসেস, মোসাম্মৎ, এম.এ, বি.এ ইত্যাদি লেখা যাবে না। অর্জিত পদবী ছাড়া পিতার নামের শেষে বংশগত পদবী যেমন-খান, চৌধুরী, শেখ ইত্যাদি লেখা যাবে।
১৬. গৃহীত R.I.F পূরণের সময় অত্যন্ত সতর্কতা অবলম্বন করতে হবে। R.I.F-এর বৃত্ত ভরাটে কাটা-কাটি, ঘষা-মাজা ও উপরিলিখন সম্পূর্ণ নিষিদ্ধ। ৫%-এর অধিক R.I.F নষ্ট হলে প্রতিটি R.I.F-এর জন্য ১০.০০ (দশ) টাকা হারে ব্যাংক ড্রাফ্ট করে বোর্ডে জমা দিয়ে R.I.F গ্রহণ করতে হবে।
১৭. বোর্ডের পূর্বানুমতি ব্যতীত মাদরাসা পরিবর্তনের ছাড়পত্র ইস্যু করা যাবে না এবং কোন ছাত্র-ছাত্রীকে ছাড়পত্র ব্যতীত ভর্তি করা যাবে না।
১৮. অনুমতি/ স্বীকৃতিবিহীন মাদরাসার ছাত্র-ছাত্রীদের রেজিষ্ট্রেশন করা যাবে না। ২০০০-২০০১ শিক্ষা বর্ষে ও ২০০১-২০০২ শিক্ষা বর্ষে যদি কোন মাদরাসা ছাত্র ভর্তি করে থাকে তাহলে পার্শ্ববর্তী স্বীকৃতি/ অনুমতিপ্রাপ্ত মাদরাসার মাধ্যমে রেজিষ্ট্রেশন করতে হবে।
১৯. বোর্ডে জমা দেওয়া টটলিস্টের বাইরে কোন ছাত্র-ছাত্রীর নামে R.I.F পূরণ করা যাবে না। এই আদেশ অমান্য করা হলে মাদরাসা প্রধানের বিরুদ্ধে পাবলিক পরীক্ষা অধ্যাদেশ অনুসারে শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে এবং সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর রেজিষ্ট্রেশনের আবেদন বাতিল করা হবে।